দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... SEP 07 1999
পৃঃ ৪ কলাম ৬

60

## এইচ,এস,সি পরীক্ষার ফলাফল ও কিছু কথা

সম্প্রতি এইচ,এস,সি পরীক্ষার ফল প্রকাশ হইয়াছে। রাজশাহী বোর্ডের বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকার প্রথম বারটিসহ অধিকাংশ স্থান অধিকার করিয়াছে রংপুর ক্যাডেট কলেজের ছাত্ররা। এই বোর্ডের অধীনে রাজশাহী ও পাবনা ক্যাডেট কলেজ ছাড়াও রংপুর কারমাইকেল কলেজ, বগুড়ার আযিযুল হক কলেজ, রাজশাহী নিউ গভর্নমেন্ট ডিগ্রী কলেজের মতো ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে। সুতীব্র প্রতিযোগিতার মধ্য দিয়া নির্বাচিত মেধাবী ছাত্র-ছাত্রীরাই এই শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে অধ্যয়নের সুযোগ পায়। রাজশাহী ক্যাডেট কলেজের নাকি এবারকার মত বেহাল অবস্থা আর হয় নাই! একই জেলার নিউ ডিগ্রী কলেজের পরীক্ষার্থীদের ভাগ্যে নাকি রসায়নে লেটার মার্কস জোটে নাই। এহেন দৃষ্টান্ত অতীতেও স্থাপিত হইয়াছে। গত এস,এস,সি পরীক্ষায় ঢাকা বোর্ডের অন্তর্গত ভিকারুন নিসা নুন স্কুলের ছাত্রীরা বিজ্ঞান বিষয়ের মেধা তালিকায় একটি স্থানও অধিকার করিতে পারে নাই। বিষয়টি ভাবিয়া দেখিবার মত। আর তাই এস,এস,সি এইচ,এস,সির মত পরীক্ষাগুলিতে অতিমূল্যায়ন, অবমূল্যায়ন অথবা অন্য কোন প্রকার প্রমাদ ঘটিয়াছে কিনা তাহা সতর্কতার সহিত পর্যবেক্ষণ করা উচিত বলিয়া মনে করি। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

এ,কে,এম মনওয়ারুল ইসলাম,
৭৫ সেন্ট্রাল রোড, ঢাকা।